কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.৩১

তারিখ : ০৭ পৌষ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত ১২০০.০০ মে.টন পাটবীজ বাবদ কৃষি পুনর্বাসন/ প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র : ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং- ১২.১০.০০০০.১৬৬.৩৮.০০১.২০.৪৩৭২; তারিখ : ৩০-১২-২০২৫ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.২৬; তারিখ: ২০-০১-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত ১২০০.০০ মে.টন পাটবীজ ক্রয়ের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩৯০০০.০০ লক্ষ (তিনশত নব্বই কোটি) টাকা হতে ১২০০.০০ লক্ষ (বারো কোটি) টাকা ০২ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক অর্থ বিভাজন ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক অর্থ বিভাজন:

| ক্রম | জোন/জেলার নাম | বীজের পরিমাণ (মে.টন) | '৩২৫১১০৯-বীজ ও চারা' (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ২ | টাঙ্গাইল | ৯০.০০ | ৯০.০০ | ৯০.০০ |
| ৩ | বগুড়া | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| ৪ | যশোর | ১৮০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ |
| ৫ | কুষ্টিয়া | ১৮০.০০ | ১৮০.০০ | ১৮০.০০ |
| ৬ | রাজশাহী | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| | সর্বমোট | ১২০০.০০ | ১২০০.০০ | ১২০০.০০ |

০৩। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA' ২০০৬ ও PPR' ২০২৫** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। **চেয়ারম্যান, বিএডিসি এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে ছাড়কৃত অর্থ উত্তোলন করতে পারবেন** এবং ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বিক্রয়দর ঘোষণা করবে এবং উপজেলাওয়ারি উপকারভোগী কৃষকদের অনুকূলে বরাদ্দ বিভাজন করবে;

৩. এ কর্মসূচি বাবদ ১২০০.০০ লক্ষ (বারো কোটি) টাকা ৬টি পাট বীজ উৎপাদন জোনের উপপরিচালক (পাটবীজ) এর মাধ্যমে বীজ উৎপাদনকারী চুক্তিবদ্ধ চাষিদের ব্যাংক হিসাবে প্রদান করা হবে;

৪. চুক্তিবদ্ধ চাষি জোনের রেজিস্টার্ড বীজ উৎপাদনকারী চাষিদের বীজের মূল্য বাবদ প্রণোদনার টাকা পরিশোধ করা হবে;

৫. পাট বীজের প্রকৃত বিক্রয় মূল্য ১০০ (একশত) টাকা ভর্তুকি মূল্যে (প্রণোদনা বাবদ) পাট চাষিদের নিকট বিক্রয় করা হবে;

৬. প্রযোজ্য ক্ষেত্রে ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন এবং ক্যাশ মেমো সংরক্ষণ করবেন;

৭. ডিলারগণ হ্রাসকৃতমূল্যে বিএডিসি'র পাট বীজ ক্রয়কারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও এনআইডি (যদি থাকে) বীজ বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করবেন;

৮. উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যগণ এবং বিএডিসি কর্তৃপক্ষ বিএডিসির বীজ ডিলারের বিক্রয়কেন্দ্র তদারকি করবেন;

৯. বিএডিসির বীজ ডিলার হ্রাসকৃতমূল্যে পাট বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং একটি চূড়ান্ত তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি'র কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করবেন;

১০. বিএডিসি'র জেলা কার্যালয় নিয়মতিভাবে বিএডিসি কর্তৃপক্ষ বরাবর বীজ বিক্রয়ের প্রতিবেদন জমা প্রদান করবেন;

১১. হ্রাসকৃতমূল্যে বিক্রিতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

১২. সহায়তা মূল্যে বীজ বিক্রয়ের চূড়ান্ত প্রতিবেদন সমন্বয় বিবরণী এবং অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের কপিসহ কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, বিএডিসি কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন। পাট বীজ বিক্রয়ের কার্যক্রম শেষ হওয়ার পর কোন অবস্থায় অব্যয়িত অর্থ বিএডিসির অনুকূলে জমা রাখা বা অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;

১৩. বিএডিসির জেলা কার্যালয় নিয়মিতভাবে সহায়তা মূল্যে প্রদানকৃত বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়কে প্রদান করবেন;

১৪. এ সংক্রান্ত যাবতীয় অডিট বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যালয়ে নিষ্পন্ন হবে। পাট বীজ বিতরণ কর্মসূচির চূড়ান্ত বিবরণী কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;

**১৫. পাট বীজ ক্রয় বাবদ অর্থ বিতরণ সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

**১৬. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন/প্রণোদনা কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

**১৭. ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।**

২১/০১/২৬


মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com


চেয়ারম্যান,
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন,
মতিঝিল, ঢাকা

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.৩১

তারিখ : ০৭ পৌষ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)
১৭. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

07/12/5

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব